গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পাট অধিদপ্তর, ঢাকা।
www.dgjute.gov.bd

**২০২৩-২৪ অর্থবছরে ২৫ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:**

| ক্র. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ক. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম নম্বর ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রা ২য় ত্রৈমাসিকে নির্ধারণ করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত সভাপতি যথাসময়ে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। | কর্ম-পরিকল্পনা অনুযায়ী আগামী ডিসেম্বর ২০২৩ মাসের মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশিকা অনুসরণপূর্বক ২য় ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন করে (সভার রেকর্ড নোট এবং হাজিরা) এনআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা দাখিল করবেন। | চাঁপাইনবাবগঞ্জ জেলার সার্কিট হাউজ সম্মেলন কক্ষে পাট অধিদপ্তরের পরিচালক (পাট), যুগ্মসচিব মহোদয়ের সভাপতিত্বে ০৫ অক্টোবর ২০২৩ তারিখে চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসনসহ অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠিত। |
| খ. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম নম্বর ১.৪ শুদ্ধাচার সম্পর্কিত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা ২য় ত্রৈমাসিকে নির্ধারণ করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত সভাপতি যথাসময়ে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। | কর্ম-পরিকল্পনা অনুযায়ী আগামী ডিসেম্বর ২০২৩ মাসের মধ্যে শুদ্ধাচার সম্পর্কিত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | পাট অধিদপ্তরের সভাকক্ষে ২১ ডিসেম্বর ২০২৩ তারিখে প্রশিক্ষণ অনুষ্ঠিত। |
| গ. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম নম্বর ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন সূচকের আওতায় আগামী ৩১/১২/১০১৩ তারিখের মধ্যে পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির নিমিত্ত পরিস্কারকরণের (করিডোর ও বাথরুম) ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। | কর্ম-পরিবেশ উন্নয়ন সূচকের আওতায় আগামী ৩১/১২/১০১৩ তারিখের মধ্যে পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির নিমিত্ত (করিডোর ও বাথরুম) পরিচ্ছন্নতার কাজ সম্পাদন করে পরিচ্ছন্নতাকর্মী রেজিস্টারে স্বাক্ষর করবেন। পরিস্কারকরণের ব্যবস্থা গ্রহণের জন্য অফিস আদেশ এবং ০১টি রেজিস্টার সংরক্ষণ করা হবে। দায়িত্বপ্রাপ্ত পরিচ্ছন্নতা কর্মী প্রতিদিন রেজিস্টারে স্বাক্ষরপূর্বক দায়িত্ব পালন করবেন। পাট অধিদপ্তরের ৩য় এবং ৪র্থ তলার করিডোরে টব সাজানো সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করতে হবে। | যথাসময়ের মধ্যেই অধিদপ্তরের করিডোর ও বাথরুমসহ ব্যবহৃত কক্ষসমূহের পরিচ্ছন্নতার মান বৃদ্ধি করা হয়েছে এবং ৩য় ও ৪র্থ তলার করিডোরসহ বিভিন্ন কক্ষসমূহ ইনডোর প্ল্যান্ট এর মাধ্যমে নান্দনিকভাবে সাজানো হয়েছে। যার ফলে কর্মপরিবেশ উন্নত হয়েছে। |

২০/২/২০২৪

| | | | |
|---|---|---|---|
| ঘ. | ৩.৪ পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ অনুসারে, দিনাজপুর ও নওগাঁ জেলায় রাইস মিলের চাল বাজারজাতকরণে পরিবেশবান্ধব পাটের বস্তার ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় সভাপতি ও এনআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, জেলা ০২টিতে পূর্বের তুলনায় বর্তমানে পাটের বস্থার ব্যবহারে শুদ্ধাচার ও দূর্ণীতি প্রতিরোধে কী ভূমিকা রেখেছে তা তুলনামূলক বিবরণীসহ তথ্য জানা প্রয়োজন। সভাপতি আলোচ্য বিষয়ে সরেজমিনে পরিদর্শনপূর্বক তুলনামূলক বিবরণীসহ প্রতিবেদন দাখিলের জন্য এবং ২য় ত্রৈমাসিকে দিনাজপুর জেলায় ০১টি এবং নওগা জেলায় ০১টি জনসচেতনামূলক সভা আয়োজনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। | জেলা ০২টিতে পূর্বের তুলনায় বর্তমানে পাটের বস্তার ব্যবহারে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধে কী ভূমিকা রেখেছে তা সরেজমিনে পরিদর্শনপূর্বক তুলনামূলক বিবরণীসহ প্রতিবেদন কর্মপরিকল্পনায় নির্ধারিত তারিখের মধ্যে দাখিল করতে হবে এবং ২য় ত্রৈমাসিকে দিনাজপুর জেলায় ০১টি এবং নওগা জেলায় ০১টি জনসচেতনামূলক সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা দু'টিতে পাটের বস্তার ব্যবহার বৃদ্ধিসহ শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধে করণীয় বিষয়ে ১৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ১৬৭ নম্বর স্মারকে পরিচালক (পাট), যুগ্মসচিবকে আহবায়ক করে কমিটি গঠন করা হয়। ০৭ অক্টোবর ২০২৩' তারিখে নওগাঁ জেলার সার্কিট হাউজ সম্মেলন কক্ষে ০১টি এবং ১৯ অক্টোবর ২০২৩ তারিখে দিনাজপুর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে ০১টি সভা অনুষ্ঠিত হয়। ০১ মাসের মধ্যে জেলা দু'টিতে তফসিলভুক্ত পণ্যে ১০০% পাটের বস্তা ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ঙ. | পাট অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির প্রমানকসমূহ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" [url:www.nis.cabinet.gov.bd] শীর্ষক অনলাইন সফটওয়ারে যথাসময়ে ও যথানিয়মে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" [url:www.nis.cabinet.gov.bd] শীর্ষক অনলাইন সফটওয়ারে যথাসময়ে ও যথানিয়মে আপলোড করতে হবে। | পাট অধিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার (২য় ত্রৈমাসিক) বাস্তবায়ন অগ্রগতির প্রমানকসমূহ যথাসময়ে এবং যথানিয়মে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" [url:www.nis.cabinet.gov.bd] শীর্ষক অনলাইন সফটওয়ারে আপলোড করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

২০/১/২০২৪

মোঃ জিয়াউর রহমান খান
পাট উন্নয়ন কর্মকর্তা
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।